

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশাসন শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা),  
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮- ১২

তারিখ: ২৯ পৌষ ১৪২৮  
১৩ জানুয়ারি ২০২২

বিষয়: মাদ্রাসার এমপিও শীটে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের নিমিত্ত মাদ্রাসা ভিত্তিক আবেদন দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এমপিওভুক্ত মাদ্রাসাসমূহের এমপিও শীট পর্যালোচনায় দেখা যায়, অধিকাংশ শিক্ষক কর্মচারীর পদবী ও বিষয় উল্লেখ নেই। লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মাদ্রাসা থেকে এমপিও শীটের পদবী ও বিষয় বিহীন সকল শিক্ষক/কর্মচারীর আবেদন একত্রে প্রেরণ না করে ভিন্ন ভিন্ন ভাবে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের আবেদন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়, যা অনভিপ্রেত। ফলে একই মাদ্রাসার ভিন্ন ভিন্ন সময়ে দাখিলকৃত আবেদন নিষ্পত্তি করতে একদিকে সময়ের অপচয় হয়, অন্যদিকে এমপিও শীটের পদবী ও বিষয় বিহীন সকল শিক্ষক/কর্মচারীর সংযোজন/সংশোধনের আবেদন একত্রে দাখিল/অগ্রায়ণ না হওয়ায় সংশ্লিষ্ট মাদ্রাসার বিষয়ভিত্তিক পদ/পদবীর প্রাপ্যতা নির্ধারণ, নিয়োগ যাচাই, এমপিওকরণ ও অন্যান্য তথ্যাদি নিশ্চিতকরণপূর্বক আবেদন নিষ্পত্তিতে জটিলতা সৃষ্টি হয়। বিধায়, এমপিও শীটে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের আবেদন ভিন্ন ভিন্ন ভাবে প্রেরণ না করে মাদ্রাসাভিত্তিক এমপিও শীটের পদবী ও বিষয় বিহীন সকল শিক্ষক/কর্মচারীর পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের আবেদন একত্রে প্রেরণ করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, এমপিওভুক্ত মাদ্রাসাসমূহের এমপিও শীটে শিক্ষক-কর্মচারীদের পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের নিমিত্ত সংশ্লিষ্ট পদ ও বিষয়ে পত্রিকার বিজ্ঞপ্তির কপি, নিয়োগ বোর্ডের সুপারিশ ও ফলাফল শীট, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির অনুমোদন, নিয়োগ পত্র, যোগদান পত্র, পদবী ও বিষয় সংশ্লিষ্ট একাডেমিক ও পেশাগত সনদ, মাদ্রাসার হালনাগাদ শিক্ষক-কর্মচারীর তালিকা ও বেতন বিলের কপি, সংশোধন বিষয়ে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির রেজুলেশন, প্রয়োজনীয় আনুষঙ্গিক কাগজপত্র/ডকুমেন্টস্ যথাযথ সত্যায়নপূর্বক এমপিও শীটের পদবী ও বিষয় বিহীন সকল শিক্ষক/কর্মচারীর সংযোজন/সংশোধনের আবেদন একত্রে জেলা শিক্ষা অফিসার/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

১৩/০১/২০২২  
মাহফুজা ইয়াছমিন

সহকারী পরিচালক (প্রশাসন)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

ফোন: ৪১০৩০১৬৮

[adm.dmeb@gmail.com](mailto:adm.dmeb@gmail.com)

অধ্যক্ষ/সুপার .....(সকল এমপিওভুক্ত মাদ্রাসা)

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮- ১২

তারিখ: ২৯ পৌষ ১৪২৮  
১৩ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক....(সকল)।
- ২) উপজেলা নির্বাহী অফিসার....(সকল)।
- ৩) জেলা শিক্ষা অফিসার....(সকল)।
- ৪) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ....(সকল)।
- ৫) সকল কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাশিঅ।

সদয় জ্ঞাতার্থে :

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

তঁর আওতাধীন সকল এমপিওভুক্ত মাদ্রাসায়  
উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন করার জন্য  
অনুরোধ করা হলো।

১৩/০১/২০২২  
মাহফুজা ইয়াছমিন

সহকারী পরিচালক (প্রশাসন)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর